ডবল এজেণ্ট

বিক্রমাদিত্য

দে'জ পাবলিশিং ॥ কলকাতা ৭০০০৭৩

গাসান কানাফানী, আজ তুমি মূক, নীরব, নিস্তব্ধ। আজ তুমি বেঁচে নেই, তাই তুমি আমার এ-কাহিনী পড়তে পারবে না। তবুও জেনে রেখো তোমার বন্ধুরা তোমাকে ভুলে যায়নি।

গাসান কানাফানী, কামাল নাসের এবং আমার প্যালেস্টাইনের অসংখ্য বন্ধু-বান্ধবরা, যাঁরা মারা গেছেন এবং যাঁরা বেঁচে আছেন—যাঁদের অকৃত্রিম গভীর স্নেহ, ভালোবাসা, [illegible] আমি আমার মধ্যপ্রাচ্যের সুদীর্ঘ জীবন যাত্রায় কুড়িয়ে পেয়েছি তাকে তাঁদের উদ্দেশে, আমার এই বই উৎসর্গ করা হলো।

কাহিনীর কিছুটা ইতিহাস, কিছুটা কল্পিত। কল্পনার আবেগে কখনও হয়তো ইতিহাস থেকে বিচ্যুত হয়েছি। আশা করি পাঠকরা এজন্য আমাকে মার্জনা করবেন।

আলকাহেরা।